দৈনিক খবর

তারিখ ৩১.৮.৯১

পৃষ্ঠা ৩ কলাম

৭১

### বিডিআর—পুলিশ মোতায়েন

# কৃষি ভার্সিটিতে ছাত্র সংঘর্ষ : আহত ১শ'

ময়মনসিংহ, ৩০শে আগস্ট (সংবাদদাতা)।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের মধ্যে আজ প্রচন্ড সংঘর্ষে ন্যূনপক্ষে একশ'জন আহত হয়েছে বলে অসমর্থিত খবরে জানা গেছে। ছাত্রদল ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে গতকালের একটি সংঘর্ষের জের হিসেবে এই সংঘর্ষ হয়।

ক্যাম্পাসে উত্তেজনা হ্রাসে কি ব্যবস্থা নেয়া যায় তা বিবেচনার জন্য আজ সিন্ডিকেটের এক জরুরী বৈঠক হয়। এতে কি সিদ্ধান্ত হয়েছে তা জানা যায়নি।

জেলা প্রশাসন বিশ্ববিদ্যালয়ের চারদিকে বিডিআর ও পুলিশ মোতায়েন করেছে। ক্যাম্পাসে এখনো উত্তেজনা বিরাজ করছে।

দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষে অন্ততঃ ১০০ জন আহত হয়। কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের (শা-অ) সভাপতি ওয়ালিউল্লাহকে গুলীবিদ্ধ অবস্থায় এবং বাকসু সদস্য শহীদুল ইসলাম স্বপনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

একটি আবাসিক হলের দুটি কক্ষের দখল নিয়ে ছাত্রলীগ ও জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীদের মধ্যে বৃহস্পতিবার রাতে সংঘর্ষ শুরু হয়। এ সময়ে গুলী ও বোমা নিক্ষিপ্ত হয়। গতকাল সকালে ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে। সংঘর্ষ চলাকালে ৬টি হলের ৫০টি কক্ষ তছনছ হয়।